NEW YORK STATE | Department of Health

জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে শেষকৃত্য পরিষেবার জন্য অন্তর্বর্তী নির্দেশনা

আপনি এই নথিটি পরে আপনি নীচে নিশ্চিত করতে পারেন।

20 জুন 2020 এর হিসেবে

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে উচ্চ শিক্ষার জন্য এই অন্তর্বর্তীকালীন নির্দেশিকা ("উচ্চ শিক্ষার জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা") তৈরি করা হয়েছে যাতে কলেজ, ইউনিভার্সিটি এবং অন্যান্য উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান, এবং তাদের কর্মচারী,শিক্ষার্থী, ভিজিটর, কন্টাক্টর, এবং ভেন্ডরদের মধ্যে COVID-19 ছড়িয়ে পড়া থেকে সুরক্ষিত থাকার সতর্কতা প্রদান করা যায়।

এই নির্দেশিকাটি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের সব ধরনের সশরীরে উপস্থিতির জন্য লক্ষীভূত, যার মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয় কমিউনিটি এবং জুনিয়র কলেজ, ইউনিভার্সিটি, গ্র্যাজুয়েট এবং প্রফেশনাল স্কুল, মেডিকেল স্কুল, এবং টেকনিক্যাল স্কুলগুলি। এতদ্বারা বর্ণিত আবশ্যিকতাগুলি বোঝা এবং পূরণ করা নিশ্চয়তা প্রদানের পাশাপাশি, উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে রিওপেনিং এবং পরিচালনার জন্য অবশ্যই একটি পরিকল্পনা গড়ে তুলতে হবে। পরিকল্পনাগুলিকে ক্যাম্পাসের স্টেকহোল্ডারদের সাথে বিজড়িত হওয়াকে প্রতিফলিত করতে হবে, স্টেকহোল্ডারদের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, পরিচালক, ফ্যাকাল্টি, কর্মী, শিক্ষার্থী এবং, যেখানে উপযুক্ত, সহযোগী সংস্থা (যেমন, ইউনিয়ন, অ্যালুমনি, এবং/অথবা কমিউনিটি-ভিত্তিক গ্রুপগুলি)। বিশেষভাবে, প্রতিটি প্রতিষ্ঠানকে অবশ্যই একটি পরিকল্পনা গঠন করে জমা দিতে হবে, যা অন্ততপক্ষে আওতাভুক্ত করবে:

(1) ক্যাম্পাসটির রিওপেনিং,

(2) শারীরিক অবস্থা মনিটর করা,

(3) ভাইরাসটির সম্ভাব্য সংক্রমণ সংবরণ, এবং

(4) COVID-19 সংক্রমণের অত্যাধিক বিস্তারে, প্রয়োজন হলে ক্যাম্পাসে সশরীরে এসে যে কার্যকলাপগুলি করতে হয়, সেগুলি বন্ধ করা।

রিওপেনিং, শিক্ষার্থী, ফ্যাকাল্টি, এবং কর্মীর ফিরে আসা সহ, ক্যাম্পাসের কার্যকারিতাগুলি পুনরায় শুরু করার পরিকল্পনাগুলিকে অন্তর্ভুক্ত করে। অন্ততপক্ষে, নিম্নলিখিত বিবেচ্য বিষয়গুলি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:

- **ধারণক্ষমতা বা ক্যাপাসিটি:** ফেজিং এবং শিক্ষার্থী সংখ্যা, ক্যাম্পাসে কতজন ফ্যাকাল্টি এবং কর্মীকে ফেরাতে হবে, সর্বজনীন জায়গাগুলি এবং থাকার হলগুলিতে সামাজিক দূরত্ব বজায় রাখার ক্ষমতা, টেস্টিংয়ের সক্ষমতা, ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জামের (PPE) উপলব্ধতা, কোয়ারেন্টাইন এবং আইসোলেশনের সক্ষমতা, স্থানীয় চিকিৎসাগত সক্ষমতা, এবং নিরাপদ যাতায়াত ব্যবস্থার মতো বিষয়গুলি বিবেচনা করা।
- **PPE:** স্বীকৃত মুখের আবরণ সংগ্রহ করা এবং প্রতিষ্ঠানের সমস্ত কর্মচারীকে তা প্রদান করার পরিকল্পনাগুলি গড়ে তুলুন। প্রতিষ্ঠানটি শিক্ষার্থীদের মুখের আবরণ বা অন্যান্য PPE দেবে কিনা তা স্থির করা। স্টেট এবং স্থানীয় জনস্বাস্থ্য আইন, বিধান, এবং নীতি অনুযায়ী, কর্মচারী, শিক্ষার্থী, এবং ক্যাম্পাসের অন্যান্য ব্যক্তিবর্গের জন্য কোন PPE কোথায় এবং কখন প্রয়োজন সে সম্পর্কে বাধ্যবাধকতাগুলি গড়ে তোলা;

- **পরীক্ষা-নিরীক্ষা:** ফিরে আসার পরে শিক্ষার্থী এবং ফ্যাকাল্টির SARS-CoV-2 স্ক্রিনিং এবং রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষার পরিকল্পনা, বিশেষ করে সম্প্রতি আন্তর্জাতিক বা অনেক দূর থেকে আসা যে কোনো ব্যক্তিবর্গের জন্য, বিশেষ করে ভাইরাসটির সুদূরপ্রসারী কমিউনিটি ট্রান্সমিশন হওয়া অঞ্চলগুলির থেকে আসলে। পরিকল্পনাগুলিকে, ব্যক্তিবর্গের পরীক্ষা নিরীক্ষা করা হবে কিনা, কাদের পরীক্ষা নিরীক্ষা করা হবে, পরীক্ষা নিরীক্ষার ফ্রিকোয়েন্সি, পরীক্ষা নিরীক্ষার পদ্ধতি, পরীক্ষা নিরীক্ষার ফলাফলগুলো জানানো, এবং পরীক্ষা নিরীক্ষা না করে ক্যাম্পাসের প্রবেশকারীদের জন্য প্রক্রিয়াগুলি নির্দেশ করতে হবে। শিক্ষার্থীরা আসার পরে তাদের পরীক্ষা নিরীক্ষা হওয়া এবং পরীক্ষার ফল নেগেটিভ না আসা পর্যন্ত তাদের কোয়ারেন্টাইনে রাখা হবে কিনা তা পরিকল্পনাগুলিকে স্থির করতে হবে;
- **আবাসিক বসবাস:** আবাসিক বসবাসের পরিকল্পনাগুলিকে ধারণক্ষমতার সীমার জন্য প্রোটোকল, পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ আরো উন্নত করা, যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখা, সাধারণ অঞ্চলগুলিতে স্বীকৃত মুখের আবরণগুলির ব্যবহার, অনাবশ্যক জমায়েত এবং কার্যকলাপগুলির ওপর নিষেধাজ্ঞা, অন্যান্য বসবাসের ফেসিলিটিগুলিতে (যেমন ডরমেটরিগুলি) শিক্ষার্থীদের সীমিত প্রবেশাধিকার, ভিজিটরদের নিষেধাজ্ঞা, রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকা বা অন্তর্নিহিত অসুস্থতা থাকা শিক্ষার্থীদের জন্য বিশেষ বাসস্থানের বন্দোবস্ত, আইসোলেশন বা কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিদের জন্য আলাদা থাকার ব্যবস্থা, এবং শিক্ষার্থীদের জন্য অনুসরণ করার একটি পরিমার্জিত নিয়মাবলী অন্তর্ভুক্ত করতে হবে।
- **কার্য পরিচালনা সংক্রান্ত কার্যকলাপ:** ক্লাসগুলি, শেয়ার করা জায়াগাগুলি, এবং কার্যকলাপগুলি ফিরে আসা এবং কার্য পরিচালনার (যেমন, কোন ক্লাসগুলি A/B সূচিগুলির মতো বিকল্প ব্যবস্থা বা দূরবর্তী নির্দেশাবলীর প্রস্তাব দেবে; শেয়ার করা জায়গাগুলি শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্ট করে ব্যবহার করা, একটি নির্দিষ্ট সময়ে সশরীরে উপস্থিত হওয়ার কার্যকলাপগুলিতে অংশগ্রহণের সংখ্যা সীমিত করা) বিভিন্ন পর্যায়ে কীভাবে মানানসই করা যেতে পারে তা স্থির করা;
- **কার্যক্রমগুলি পুনরায় শুরু করা:** পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ, এবং বায়ু চলাচল ব্যবস্থা পুনরায় শুরু করা, জলের ব্যবস্থা, এবং প্রয়োজন অনুযায়ী ফেসিলিটির অন্যান্য মুখ্য বন্দোবস্তগুলির মতো, বিল্ডিংগুলি নিরাপদে রিওপেন করার পরিকল্পনাগুলি কার্যকর করুন;
- **নিয়মিত পাঠক্রম বহির্ভূত কার্যকলাপসমূহ:** সামাজিক দূরত্ব এবং COVID-19 সংক্রমণের বিষয় বিবেচনা করে, নিয়মিত পাঠক্রম বহির্ভূত কর্মসূচি এবং কোন কার্যকলাপগুলিকে অনুমোদিত করা হবে সে সম্পর্কে নীতিমালা গড়ে তুলতে হবে;
- **দুর্বল জনসংখ্যা:** ক্যাম্পাসে দুর্বল জনসংখ্যা এবং যে সকল ব্যক্তিবর্গ আসার বিষয়ে স্বচ্ছন্দ্য বোধ করছেন না, তাদের জন্য শিক্ষামূলক কার্যকলাপে নিরাপদে অংশগ্রহণ এবং তাদের উপযুক্ত পরিবেশের বন্দোবস্ত করার বিষয়ে ভাবনা চিন্তা করতে হবে; এবং
- **পরিচ্ছন্নতা, পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ:** ক্লাসরুম, বসবাসের হল,রেস্টরুম, খাওয়ার ঘর এবং অন্যান্য ফেসিলিটিগুলির জন্য ক্যাম্পাস-জুড়ে পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণের প্রোটোকলগুলি স্থাপন করতে হবে। ক্যাম্পাসের সকল ব্যক্তিদের মধ্যে হাত ও শ্বাস প্রশ্বাস সংক্রান্ত স্বাস্থ্যবিধি উন্নত করুন।

মনিটরিং ক্যাম্পাসগুলিতে শারীরিক অবস্থা ট্র্যাক করার নীতিমালাকে অন্তর্ভুক্ত করে। অন্ততপক্ষে, নিম্নলিখিত বিবেচ্য বিষয়গুলি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:

- **পরীক্ষা নিরীক্ষার দায়িত্ব:** পরীক্ষা নিরীক্ষার জন্য ক্রয় এবং পরিচালনা, সেইসাথে পরীক্ষা নিরীক্ষা ফলাফলগুলি জানানোর জন্য কারা দায়িত্বপ্রাপ্ত তাদের সনাক্ত করুন; পরিকল্পনাগুলিকে, উপসর্গগুলি এবং প্রয়োজন হলে, পরীক্ষা নিরীক্ষা ছাড়া তাপমাত্রা পরীক্ষাগুলির অবিরত স্ক্রিনিংয়ের জন্য সম্ভাব্যতার প্রস্তাব দিতে হবে।
- **পরীক্ষা নিরীক্ষার ফ্রিকোয়েন্সি এবং প্রোটোকলগুলি:** পরীক্ষা নিরীক্ষার ফ্রিকোয়েন্সি এবং পদ্ধতি নির্ধারণ করুন যা কী কারণে পরীক্ষা করা হবে তার পরিকল্পনা (যেমন উপসর্গ থাকা ব্যক্তিবর্গ, ঘনিষ্ঠ সান্নিধ্য বা কাছাকাছি থাকা, আন্তর্জাতিক ভ্রমণ), ইনফ্লুয়েঞ্জার মতো অসুস্থতার জন্য উপসর্গগুলিকে সক্রিয়ভাবে মনিটর করতে অতন্দ্র তত্বাবধানের জন্য পরীক্ষা করার পরিকল্পনা, সেইসাথে গ্রুপ টেস্টিংয়ের প্রোটোকলগুলিকে অন্তর্ভুক্ত করতে পারে।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

- **গোড়ার দিকে সতর্কতা চিহ্নগুলি:** পজিটিভ কেসগুলি একটি গ্রহণযোগ্য পর্যায় ছাড়িয়ে যেতে পারার গোড়ার দিকে সতর্কতা চিহ্ন হিসেবে কাজ করবে এমন মানদণ্ডগুলি সংজ্ঞায়িত করুন; সেই মানদণ্ডগুলি মনিটর করার পদ্ধতি(পদ্ধতিগুলি) সংজ্ঞায়িত করুন;
- **ট্রেসিং বা খুঁজে বের করা:** স্বাস্থ্য দপ্তর, ব্লুমবার্গ ফিলানথ্রপিস, জন হপকিন্স ব্লুমবার্গ স্কুল অফ পাবলিক হেলথ, এবং ভাইটাল স্ট্র্যাটেজিসের মধ্যে একটি উদ্যোগ – নিউ ইয়র্ক স্টেট সংযোগ খুঁজে বের করার কর্মসূচির (New York State Contact Tracing Program) মাধ্যমে প্রদত্ত প্রোটোকল, প্রশিক্ষণ, এবং উপায়গুলি ব্যবহার করে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের ঘনিষ্ঠ সহযোগিতায় সংযোগ খুঁজে বের করার পরিকল্পনাগুলি বিবেচনা করুন; এবং
- **স্ক্রিনিং:** কর্মচারী, শিক্ষার্থী, এবং ভিজিটরদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য পরিকল্পনাগুলি গড়ে তুলুন।

সংবরণ পজিটিভ বা সন্দেহজনক কেসগুলির ক্ষেত্রে কীভাবে প্রতিক্রিয়া জানাবেন তার পরিকল্পনা সেইসাথে প্রতিরোধক নীতি এবং চর্চাগুলিকে অন্তর্ভুক্ত করে। অন্ততপক্ষে, নিম্নলিখিত বিবেচ্য বিষয়গুলি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:

- **আইসোলেশন বা পৃথকীকরণ:** আবাসিক এবং অনাবাসী (যেমন প্রযোজ্য) উভয় উপসর্গ যুক্ত ব্যক্তিবর্গকে কীভাবে আইসোলেট করবেন তা স্থির করুন। ব্যক্তিবর্গের আইসোলেশনের সম্পূর্ন সময়কালে তারা কোথায় থাকবেন (যেমন আবাসিক হল, হোটেল, বাসস্থান), সেইসাথে খাবার, ওষুধ, মানসিক, শিক্ষাগত এবং/অথবা প্রয়োজন অনুযায়ী অন্যান্য সহায়তা সহ যে সমস্ত সহায়তা প্রদান করা হবে তা পরিকল্পনাগুলিকে অবশ্যই নির্দিষ্ট করতে হবে;
- **কোয়ারেন্টাইন:** সান্নিধ্যে আসা ব্যক্তিবর্গকে (আবাসিক এবং অনাবাসী), খাবার, ওষুধ, মানসিক, শিক্ষাগত এবং/অথবা প্রয়োজন অনুযায়ী অন্যান্য সহায়তা সহ যে সমস্ত সহায়তা প্রদান করা হবে সেই সহায়তা পদ্ধতি সহ, কীভাবে অন্যদের থেকে দূরে কোয়ারেন্টাইন করা হবে তা স্থির করুন;
- **নিশ্চিত বা সন্দেহজনক COVID-19 হওয়া শিক্ষার্থী:** আবাসিক প্রতিষ্ঠানগুলিকে পজিটিভ টেস্ট হওয়া এবং আইসলেশনে থাকা শিক্ষার্থী, যাদের আরো উন্নত চিকিৎসা পরিচর্যা প্রয়োজন, বা যারা টেস্টের ফলাফলগুলির জন্য অপেক্ষারত, তাদের মনিটর ও চিকিৎসা পরিচর্যা এবং অন্যান্য চিকিৎসা সংক্রান্ত পরিষেবাগুলির প্রদান করার পরিকল্পনাগুলিকে অন্তর্ভুক্ত করতে হবে;
- **পরিচ্ছন্নতা, পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ:** সংস্পর্শে আসা অঞ্চলগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার কৌশলগুলি কার্যকর করুন এবং সেই অঞ্চলগুলি সম্পর্কে বাসিন্দাদের যথাযথ ভাবে জানান।
- **যোগাযোগ:** প্রতিষ্ঠানটির নেওয়া প্রোটোকল এবং নিরাপত্তা ব্যবস্থাগুলি শেয়ার করার পরিকল্পনাগুলি গড়ে তুলুন।

বন্ধ করে দেওয়া ক্যাম্পাসের মধ্যে হওয়া কার্যকলাপ এবং অপারেশনগুলি কমানো এবং/অথবা ক্যাম্পাসটিকে বন্ধ করে দেওয়ার জন্য অন্যসাপেক্ষ ঘটনার পরিকল্পনাগুলিকে অন্তর্ভুক্ত করে। অন্ততপক্ষে, নিম্নলিখিত বিবেচ্য বিষয়গুলি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:

- **কার্য পরিচালনা সংক্রান্ত কার্যকলাপ:** কোন অপারেশনগুলিকে কমানো হবে, সংঘটিত হওয়ার সংখ্যা বা বার কমানো হবে, পরিমাণ কমানো হবে, বা বন্ধ করে দেওয়া হবে এবং কোন অপারেশনগুলি দূরবর্তী ভাবে করা হবে তা অন্তর্ভুক্ত করুন; ক্রমান্বয়ে বন্ধ করার প্রক্রিয়া অন্তর্ভুক্ত করুন যা পর্যায়ক্রমিক মাইলস্টোন, এবং মুখ্য কর্মীদের জড়িত থাকাকে অন্তর্ভুক্ত করতে পারে।
- **বাইরে যাওয়া:** আবাসিক ইউনিভার্সিটিগুলির জন্য, শিক্ষার্থীরা কীভাবে ক্যাম্পাস থেকে যাবেন সে সম্পর্কে পরিকল্পনা রাখতে হবে। যে সমস্ত শিক্ষার্থী অবিলম্বে চলে যেতে পারবেন না (যেমন আন্তর্জাতিক শিক্ষার্থী) তাদের জন্য প্রতিষ্ঠানগুলিকে নীতিমালা বিবেচনা করতে হবে; এবং
- **যোগাযোগ:** প্রক্রিয়াটির মাধ্যমে অভ্যন্তরীণভাবে এবং বাহ্যিকভাবে যোগাযোগ করার জন্য সুস্পষ্ট পরিকল্পনা গড়ে তুলুন।

উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানগুলি বিভিন্ন ধরনের কার্যকলাপের সাথে সংযুক্ত এবং খাওয়ার ঘর, গবেষণা, অফিসের কাজের জায়গা, যাতায়াত ব্যবস্থা, খুচরো দোকান, এবং অন্যান্য, যেমন প্রযোজ্য হবে, সেগুলির জন্য – স্বাস্থ্য দপ্তর (Department of Health) প্রদত্ত – এবং নিউ ইয়র্ক ফরোয়ার্ড (New York Forward) ওয়েবসাইটে উপলব্ধ সংশ্লিষ্ট "শিল্প-নির্দিষ্ট" নির্দেশনাগুলি উল্লেখ করতে হবে। বিশেষ করে, খাওয়ার ঘর এবং অন্যান্য ক্যাম্পাস-মধ্যস্থ খাদ্য পরিষেবাগুলিকে অবশ্যই "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে খাদ্য পরিষেবার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Food Services during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। গবেষণার কার্যকলাপগুলিকে অবশ্যই "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে উচ্চ শিক্ষা গবেষণার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Higher Education Research during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। প্রশাসনিক কার্যকলাপগুলিকে অবশ্যই "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে অফিস-ভিত্তিক কাজের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Office-Based Work during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। প্রতিষ্ঠানের চালিত যাতায়াত পরিষেবাগুলিকে অবশ্যই "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে গণপরিবহন সংক্রান্ত কার্যকলাপগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Public Transportation Activities during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। ক্যাম্পাসে বইয়ের দোকান এবং অন্যান্য খুচরা দোকানগুলিকে অবশ্যই "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে খুচরো ব্যবসায়িক কার্যকলাপের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Retail Business Activities during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। ক্যাম্পাস মধ্যস্থ জিম ও ফিটনেস সেন্টারগুলিকে অবশ্যই আসন্ন নির্দেশনা অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। প্রতিষ্ঠানটি দ্বারা পরিচালিত কলেজ-সম্বন্ধীয় অ্যাথলেটিক্সকে অবশ্যই আসন্ন নির্দেশনা অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম আবশ্যিকতা এবং প্রত্যেক প্রতিষ্ঠান অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারে। এই নির্দেশিকাগুলি প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত গণস্বাস্থ্য অনুশীলনের উপর ভিত্তি করে, এবং যেই নথির উপর নির্ভর করে এই নির্দেশিকা তৈরি হয়েছে তা প্রায়শই পরিবর্তন হতে পারে এবং পরিবর্তন হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণ – নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে – উচ্চ শিক্ষা, এবং আনুষাঙ্গিক কার্যকলাপের সাথে সম্পর্কিত সমস্ত স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতাগুলি মেনে চলার জন্য কৈফিয়তযোগ্য। দায়বদ্ধ পক্ষগণ এই আবশ্যকতাগুলির যে কোনো আপডেট হলে সে বিষয়ে অবগত থাকা, সেইসাথে যে কোনো উচ্চ শিক্ষা সংক্রান্ত কার্যকলাপ এবং/অথবা সাইটের নিরাপত্তা পরিকল্পনাতে সেগুলি অন্তর্ভুক্ত করার জন্যও কৈফিয়তযোগ্য।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের দপ্তর মধ্যস্থ কর্মীদের কাজকর্মকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যকীয় ব্যবসা, যেভাবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) নির্দেশিকা দ্বারা সংজ্ঞায়িত করা হয়েছে, সেগুলির পরিচালনবিধি সশরীরে উপস্থিতির নিষেধাজ্ঞার শর্তাবলীর আওতার মধ্যে রাখা হয়নি কিন্তু নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health, DOH) দ্বারা জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় পরিচালনবিধি এবং নির্দেশাবলী মেনে চলতে হবে এবং যত বেশি সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখাতে দৃঢ়ভাবে অনুরোধ করা হয়েছে।

12 এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমসস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছে, বিনামূল্যে তাদের মুখের আচ্ছাদন, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, তা প্রদান করতে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। 29 মে, 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসা অপারেটর/মালিকদের যারা মুখ না ঢেকে বা মুখাবরণ বা মাস্কের প্রয়োজনীয়তা মেনে চলতে ব্যর্থ হয় তাদের ঢুকতে বাধা দিতে অনুমোদন দেয়।

26 শে এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো, তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণের ওপর ভিত্তি করে, নিউ ইয়র্কে, পর্যায়ক্রমিক ভাবে, শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায়ক্রমিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করার কথা ঘোষণা করেন। 4 ঠা মে 2020 তারিখে গভর্নর বলেছেন যে নতুন আঞ্চলিক বিশ্লেষণ নতুন COVID-19 সংক্রমণ, সেইসাথে স্বাস্থ্য সেবা ব্যবস্থা, রোগ নির্ণয় করার পরীক্ষা, এবং সংযোগ খুঁজে বের করা সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিককে বিবেচনা করবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা করা হবে উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 শে মে, 2020, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় আরম্ভ হবে। 11 ই জুন, গভর্নর কুওমো ঘোষণা করেন যে 12 ই জুনের মধ্যে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে রিওপেনিংয়ের তৃতীয় পর্যায় আরম্ভ হবে।

শিক্ষার্থী এবং শিক্ষা প্রদানকারীদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করে কলেজ, ইউনিভার্সিটি, এবং স্কুল ডিস্ট্রিক্টগুলি পুনরায় খোলার জন্য প্রস্তুত হচ্ছে বলে, শিক্ষাদান এবং শিক্ষা গ্রহণে সহায়তা করার জন্য - 8 ই মে, 2020 তারিখে, গভর্নর কুওমো - শিক্ষা প্রদানকারী, শিক্ষার্থী, পিতামাতা, এবং শিক্ষার নেতৃত্বদের নিয়ে গঠিত নিউ ইয়র্ক'স রিইমাজিন এডুকেশন অ্যাডভাইজরি কাউন্সিল (New York's Reimagine Education Advisory Council) লঞ্চ করেছেন। এই উপদেষ্টা পরিষদের সম্মিলিত দক্ষতা ও অভিজ্ঞতা, কীভাবে আমরা নিউ ইয়র্কের সামগ্রিক শিক্ষাব্যবস্থাকে শক্তিশালী করা যায় সে বিষয়ে মূল প্রশ্নগুলির উত্তর পেতে এবং এই নির্দেশনাটি জানাতে সহায়তা করেছে।

নিম্নলিখিত মানগুলি ছাড়াও, উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার নির্দেশনা ও আদেশ মেনে চলা অব্যাহত রাখতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে দায়বদ্ধ উচ্চ শিক্ষা সংক্রান্ত কার্যকলাপগুলির জন্য মানদণ্ড

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম দপ্তরের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি ন্যূনতম রাজ্যের মান ব্যতীত কোনো উচ্চ শিক্ষার কার্যকলাপ পরিচালিত হতে পারবে না। COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে কার্যরত সমস্ত উচ্চ শিক্ষার কার্যকলাপের ক্ষেত্রে এই নির্দেশনায় থাকা স্টেটের মানদণ্ডগুলি স্টেট দ্বারা সংশোধিত বা রদ না করা পর্যন্ত প্রযোজ্য থাকবে।

উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রাথমিক কার্যনির্বাহী/মালিক/পরিচালক (যেমন ইউনিভার্সিটির প্রেসিডেন্ট), বা কার্যনির্বাহী/মালিক/পরিচালকের দ্বারা মনোনীত বা নিযুক্ত অন্য কোনো পক্ষ (উভয় ক্ষেত্রেই "দায়বদ্ধ পক্ষ") এই

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

মানদণ্ড পূরণের দায়িত্ব পালন করবে। মনোনীত না নিযুক্ত পক্ষ উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের কার্য পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত একজন ব্যক্তি বা ব্যক্তিবর্গের গোষ্ঠী হতে পারে।

উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে তাদের রিওপেনিংয়ের পরিকল্পনাগুলি গঠন করতে সহায়তা করার জন্য নিম্নলিখিত নির্দেশনা দেওয়া হয়েছে এবং তিনটি নির্দিষ্ট বিভাগ জুড়ে সংগঠিত করা হয়েছে: মানুষ, স্থান, এবং পদ্ধতি।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে যে কর্মচারী এবং শিক্ষার্থী সমেত, ব্যক্তিবর্গের মধ্যে ক্যাম্পাসে থাকাকালীন এবং ক্লাসরুম সেটিংয়ে বসে থাকার সময়,যতটা সম্ভব, অন্তত ছয় ফুটের একটি দূরত্ব বজায় রাখা হয়, যদি না মুখ্য কাজটির জন্য (যেমন সরঞ্জাম এদিক ওদিক করা, একটি লিফট ব্যবহার করা, একটি লেনদেন সম্পাদন করা) কম দূরত্বে থাকতে হয় বা ব্যক্তিবর্গ একই বাসস্থানের বাসিন্দা হন। একই বাসস্থানে বসবাস না করা (রুমমেট) অন্য কোনো ব্যক্তি কোনো সময় ব্যক্তিবর্গের ছয় ফুটের মধ্যে চলে আসলে, অবশ্যই স্বীকৃত মুখের আবরণ পরে নিতে হবে। যদি অন্য কোনো ব্যক্তি অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের মধ্যে চলে আসেন সেই কারণে কর্মীদের ফেস কভারিং পরে নেওয়ার জন্য সদা প্রস্তুত থাকতে হবে।
  - দুই বছরের বেশি বয়সী এবং শারীরিকভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে স্বীকৃত মুখের আবরণগুলি পরতে হবে।
  - COVID-19 এর জন্য স্বীকৃত মুখের আবরণগুলি কাপড়-ভিত্তিক মুখের আবরণ (যেমন বাড়িতে সেলাই করা, ফালি করে কাটা, বান্দানা), সার্জিকাল মাস্ক, এবং মুখ এবং নাক ঢাকা ফেস শীল্ডগুলিকে অন্তর্ভুক্ত করলেও এগুলির মধ্যেই সীমাবদ্ধ নয়।
  - যদিও, কাজের ধরনের জন্য যেখানে সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের (PPE) একটি উচ্চ মানের সুরক্ষার প্রয়োজন সেইসব ক্ষেত্রে কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য কাপড়ের, ডিজপোজেবেল, বা অন্যান্য বাড়িতে তৈরি মুখের আবরণ স্বীকৃত নয়। সেইসমস্ত কার্যকলাপের জন্য, পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) নির্দেশিকা অনুযায়ী সংজ্ঞায়িত করা বিদ্যমান শিল্পের মানদণ্ড অনুযায়ী N-95 রেস্পিরেটার বা অন্যান্য PPE ব্যবহার করা অব্যাহত রাখা উচিত।
  - এই বিধানগুলি রুমমেটদের মধ্যে শারীরিক দূরত্বের আবশ্যিকতা হিসেবে, বা একজন ব্যক্তির বাড়ির ভিতরে থাকাকালীন মুখের আবরণগুলি পরার আবশ্যিকতা ব্যাখ্যা করা যাবে না। এই নির্দেশনার উদ্দেশ্যে, একই বাসস্থান শেয়ার করা শিক্ষার্থীদের (যেমন ডরমেটরি রুম) একই পরিবারের সদস্য হিসেবে বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে ক্লাসরুম ও শিক্ষার্থী এবং কর্মচারীদের সমবেত হওয়ার অন্যান্য জায়গাগুলো পরিবর্তন বা পুনরায় কনফিগার করতে এবং/অথবা সেগুলির ব্যবহার সীমাবদ্ধ করতে উৎসাহিত করা হয়, যাতে ব্যক্তিবর্গ সব দিক থেকে অন্তত ছয় ফুট (যেমন-পাশে এবং যখন একে অপরের মুখোমুখি হয়) এবং ব্যবহারের মধ্যে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে ওয়ার্কস্টেশন শেয়ার না করেন। সর্বজনীন অঞ্চলগুলির মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই মুখের আবরণ, অথবা বস্তুগত বাঁধা ব্যবহার করতে হবে (যেমন, যেখানে বায়ুপ্রবাহ, হিটিং, কুলিং, বা বায়ু চলাচলে বাঁধা সৃষ্টি করবে না, বা অন্য কোনো ভাবে স্বাস্থ্য বা নিরাপত্তার ঝুঁকির কারণ হবে না সেখানে মুখের আবরণের পরিবর্তে প্লাস্টিকের বিভাজক দেওয়াল)।
  - OSHA নির্দেশিকা অনুযায়ী শারীরিক দূরত্ব বজায় রাখার জন্য বাধা তৈরি করা উচিত।
  - বস্তুগত বাঁধার বিকল্পগুলি অন্তর্ভুক্ত করতে পারে: ফালি করে কাটা পর্দা, কিউবিকাল ওয়াল, প্লেক্সিগ্লাস বা সেই ধরনের উপকরণ, বা অন্যান্য অপ্রবেশ্য বিভাজক বা পার্টিশনগুলি।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

- দায়বদ্ধ পক্ষগণকে একই সময়ে একাধিক ব্যক্তির ছোট সীমাবদ্ধ স্থান (যেমন লিফত, সামগ্রীর রুম, ফ্যাকাল্টির অফিসগুলি) ব্যবহার নিষিদ্ধ করতে হবে, যদি না একই সময়ে এই ধরনের স্থানের সকল কর্মচারী গ্রহণযোগ্য মুখাবরণ পরিধান করেন বা একই বাসস্থানের সদস্য হন।। তবে, মুখের আবরণ ব্যবহার করা সত্ত্বেও, ওই স্থানে থাকা ব্যক্তির সংখ্যা কখনই স্থানের সর্বাধিক ধারণক্ষমতার 50% এর বেশি হতে পারবে না, যদি না সেটি একজন ব্যক্তির ব্যবহারের জন্য তৈরি করা হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণকে স্বাস্থ্য ও নিরাপত্তার প্রোটোকলগুলি মেনে চলার পাশাপাশি বাইরের বাতাস যতটা ভিতরে প্রবেশ করানো যায় তার বন্দোবস্ত (যেমন জানলা এবং দরজা খুলে রাখা) করে বায়ু চলাচল বাড়াতে হবে। দায়বদ্ধ পক্ষগণ, লিফটের জন্য অপেক্ষা করার জায়গাগুলিতে জনসমাগম যাতে না হয় এবং লিফটে যতজন যেতে পারবেন তার সংখ্যা সীমিত করে, যেমন, সিড়ি ব্যবহার করে, অতিরিক্ত ব্যবস্থা নেবেন।

- দায়বদ্ধ পক্ষগণকে সরু গলি, হলের রাস্তা অথবা জায়গায় টেপ, চিহ্ন বা অন্যান্য নির্দেশক ব্যবহার করে উভয়মুখী হাঁটা পথের ভিড় কমাতে এবং সমস্ত সাধারণ ব্যবহৃত চত্বরগুলি এবং সাধারণত লাইন তৈরি হতে পারে অথবা লোক জমায়েত হতে পারে এমন কোনো চত্বরে (যেমন ক্যাম্পাস সেন্টার, লাইব্রেরী, ক্লাসরুম, খাওয়ার ঘর, স্বাস্থ্য পরীক্ষা কেন্দ্র) ছয় ফুট দূরত্ব বজায় রাখার সাইনেজ এবং দূরত্বের চিহ্ন দিয়ে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে।

  - দায়বদ্ধ পক্ষগণ, ডেস্ক, ওয়ার্কস্টেশন এবং অন্যান্য সর্বজনীন অঞ্চল বা যে অঞ্চলগুলিতে জমায়েত হওয়ার সম্ভাবনা আছে (যেমন লাইব্রেরী, স্টাডি সেন্টার, লন) সেগুলির চারদিকে ছয় ফুট দূরত্ব চিহ্নিত করা বেছে নিতে পারেন।

- কোন ক্যাম্পাস-মধ্যস্থ ফেসিলিটিগুলি (যেমন, লাইব্রেরী, স্টাডি লাউঞ্জ, বিনোদনমূলক ফেসিলিটিগুলি) সাধারণ মানুষের (অর্থাৎ, শিক্ষার্থী বা কর্মচারী নন) জন্য বন্ধ থাকবে বা সাধারণ মানুষের জন্য সীমিত, নির্দিষ্ট সময়ের প্রস্তাব দেবেন তা দায়বদ্ধ পক্ষগণকে স্থির করতে হবে। ক্যাম্পাসে সাধারণ মানুষের সাথে যোগাযোগ বা আলাপচারিতা সীমিত করার জন্য সুপারিশকৃত চর্চাগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়:
  - ভিজিটরদের শুধুমাত্র "আমন্ত্রিত অতিথিবৃন্দের" মধ্যে সীমাবদ্ধ করা, যারা ক্যাম্পাস এবং বিল্ডিংয়ের নির্দিষ্ট প্রোটকলগুলি মেনে চলবেন বলে আশা করা যায়; এবং
  - যে কোনো ক্যাম্পাস-মধ্যস্থ বিল্ডিং(বিল্ডিংগুলিতে) প্রবেশ করার জন্য শিক্ষার্থী/প্রতিষ্ঠানের পরিচয়পত্র (আইডিগুলি) আবশ্যিক করা।

- স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সাথে পরামর্শক্রমে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সনাক্ত করতে হবে যে COVID-19 এর সান্নিধ্যে আসা বা সংক্রমিত শিক্ষার্থীরা কোথায় থাকবেন এবং দৈনন্দিন প্রয়োজনীয়তা (যেমন খাবার, ওষুধপত্র) কীভাবে পূরণ করা হবে যদি কোয়েরেন্টাইন বা আইসোলেশনের একটি সময়কাল প্রয়োজন হয়। এই ফেসিলিটিগুলির মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সেগুলিতেই সীমাবদ্ধ নয়:
  - থাকার হলগুলির সাথে আলাদা বাথরুম রাখা, সম্ভব হলে, ক্যাম্পাসে থাকা, COVID-19 হয়েছে, হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে, বা সান্নিধ্যে থাকা ব্যক্তিবর্গের, শুধুমাত্র আইসোলেশনে বা কোয়েরেন্টাইনে থাকাকালীন ব্যবহারের জন্য;
  - কাছাকাছি হোটেলগুলি যেগুলিতে COVID-19 হয়েছে, হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে, বা সান্নিধ্যে থাকা ব্যক্তিবর্গের থাকার বন্দোবস্ত করা হয়েছে; এবং/অথবা
  - শিক্ষার্থীর আলাদা বাড়ি, তাদের নিরাপদে বাড়িতে পৌঁছানোর বন্দোবস্ত করা (অর্থাৎ সর্বজনীন রাস্তা ব্যবহার না করে) এবং অন্য ব্যক্তিবর্গের থেকে আইসোলেট থাকতে তাদের বাড়ি তাদের জন্য নিরাপদ।
  - স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি, তাদের আইনি কর্তৃত্বের অধীনে, সংক্রমন সহ বা সংক্রমণের সংস্পর্শে আসা ব্যক্তিদের পর্যবেক্ষন এবং যাতায়াতের সীমাবদ্ধতা বাস্তবায়ন করতে পারে, যার মধ্যে বাড়িতে আইসোলেশান বা কোয়ারান্টাইন অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষগণকে প্রতিষ্ঠান বা ক্যাম্পাস জুড়ে, স্বাস্থ্য বিভাগ (DOH) এর COVID-19 সাইনেজের সাথে সামঞ্জস্যপূর্ণ সংকেতগুলো লাগাতে হবে। দায়বদ্ধ পক্ষ তাদের কর্মক্ষেত্র বা সেটিং-এর উপর ভিত্তি করে নিজেদের কাস্টমাইজড চিহ্ন তৈরি করতে পারে, এই ধরনের চিহ্ন ডিপার্টমেন্টের চিহ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। ব্যক্তিদের নিম্নোক্ত বিষয়গুলি মনে করিয়ে দেওয়ার জন্য চিহ্নের ব্যবহার করা উচিত:
  - তারা অসুস্থ বোধ করলে বাড়িতে থাকা।
  - একটি স্বীকৃত মাস্ক বা মুখের আবরন দিয়ে তাদের নাক ও মুখ ঢাকা।
  - PPE সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করুন।
  - শারীরিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলা।
  - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
  - হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করুন।
  - শ্বাস-প্রশ্বাস সংক্রান্ত স্বাস্থ্যবিধি এবং কাশির শিষ্টাচার অনুসরণ করুন।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগণ, CDC এর "করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর প্রতিক্রিয়ায় ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং নিয়োগকারীদের পরিকল্পনার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19)) অনুযায়ী, জনসমাগমে জনসংখ্যা কমাতে সশরীরে জমায়েত (যেমন ক্লাস, কনফারেন্স, অফিসের কাজের সময়) হওয়ার পরিবর্তে ভিডিও বা টেলিকনফারেন্সিং বেছে নিতে পারেন। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং বাঞ্ছনীয় বা সম্ভবপর নয়, তখন দায়বদ্ধ পক্ষগণ উন্মুক্ত, উত্তম বায়ু চলাচল যুক্ত জায়গায় ক্লাস বা মিটিং করা বেছে নিতে পারেন এবং নিশ্চিত করবেন যে ব্যক্তিগণ পরস্পরের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখেন (যেমন, দুটি চেয়ারের মধ্যে কিছুটা খালি জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের একটি করে চেয়ার ছেড়ে বসা)।
- দায়বদ্ধ পক্ষগণকে অত্যাবশ্যক নয় এমন সুযোগ সুবিধা এবং জনসমাগম হওয়া সাধারণ অঞ্চলগুলি বা খুব বেশি স্পর্শ করা জিনিসগুলি (যেমন, বিরতির সময় ব্যবহার করা অঞ্চল, সাধারণের ব্যবহারের কফি মেশিন) বন্ধ করার কথা বিবেচনা করতে হতে পারে; বা সুযোগ সুবিধা বা অঞ্চলটি ব্যবহারের আগে বা পরে ব্যক্তিবর্গের ব্যবহারের জন্য পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ সামগ্রী প্রদান করার কথা বিবেচনা করতে হবে।
- দায়বদ্ধ পক্ষকে ছোট এলাকায়, যেমন বিশ্রামকক্ষ এবং ব্রেকরুম-এ পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং
- সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীদের সময়সূচি (যেমন কফি পান করার বিরতি, খেতে যাওয়ার সময়, এবং শিফট শুরু/শেষের সময়) আগুপিছু করার কথা বিবেচনা করতে হবে।

C. কার্য পরিচালনা সংক্রান্ত কার্যকলাপ

- জনসমাগম কমানোর বিভিন্ন ব্যবস্থার মধ্যে, শিক্ষার্থীদের প্রয়োজনীয়তা বা চাহিদা (যেমন দুর্বল ছাত্রসংখ্যা), প্রযুক্তিগত সক্ষমতা, এবং/অথবা অনেক দূর থেকে এসে যারা ক্লাস করে (যেমন ছুটির সময় এসে ক্লাস করা), এই সব বিষয়ের ওপর ভিত্তি করে দায়বদ্ধ পক্ষগণকে চিরাচরিত সশরীরে উপস্থিত হয়ে ক্লাস করা এবং দূরবর্তী ক্লাসের একটি সংমিশ্রণের কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষদের নিজেদের মধ্যে সংযোগ এবং ক্যাম্পাসে জনসমাগম কমাতে নিম্নলিখিত পদ্ধতিগুলির মাধ্যমে ব্যবস্থা নিতে হবে:

- ○ যেখানে সঠিক এবং সম্ভব, সেখানে ক্লাস বা কাজের সময়ের সামঞ্জস্য বিধান করা;
- ○ কেবলমাত্র সেই কর্মীদের মধ্যে সশরীরে উপস্থিতি সীমিত করতে হবে যাদের প্রতিষ্ঠানে থাকা আবশ্যক;
- ○ সামাজিক দূরত্বের নির্দেশনাগুলি মেনে চলার জন্য কর্মীদের সশরীরের উপস্থিতি কমানো এবং দূর থেকে কাজ করার কর্মীর সংখ্যা বাড়ানো;
- ○ সময়সূচি আগুপিছু করা এবং হাঁটার পথ এবং বিল্ডিংগুলিতে ভিড় কমাতে ক্লাসগুলির মধ্যে সময় আরো বেশি দেওয়া;
- ○ শিক্ষার্থীদের মধ্যে সংস্পর্শ এবং সংক্রমণের ঝুঁকি কমাতে দল বা বিভাগ তৈরি করার জন্য ক্লাসের সূচির শিফটিং ডিজাইন (যেমন, A/B সূচি বা পাঠক্রমের বিভাগ)।

- COVID-19 কেস ধরা পড়লে, দায়বদ্ধ পক্ষগণকে ক্যাম্পাস জুড়ে সামাজিক যোগাযোগ এবং চলাফেরা সীমাবদ্ধ করার কথা বিবেচনা করতে হবে, বিশেষ করে সংক্রমিত অঞ্চলগুলিতে (যেমন কিছু কার্যকারিতা বন্ধ রাখা, কিন্তু এই বিস্তার নিয়ন্ত্রণে সহায়তা করার জন্য অন্যগুলি খোলা রাখা)।
  - ○ একজন যেখানে পজিটিভ পরীক্ষিত হয়েছেন সেখানে সমস্ত যোগাযোগগুলি সনাক্ত করা, বিজ্ঞপিত করা, পরীক্ষা করা, এবং ছাড় দেওয়া পর্যন্ত দায়বদ্ধ পক্ষগণ সমস্ত ক্লাস সাময়িকভাবে সরানো বেছে নিতে পারেন।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগণকে, সংযোগযতটা সম্ভব সীমিত করে, অবশ্যই পিকআপ এবং ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা নির্দিষ্ট করতে হবে।
- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগণকে সাইটের মধ্যে সংযোগের সম্ভাবনা সীমিত করতে হবে (যেমন, কর্মচারীদের প্রবেশ ও প্রস্থানের পথ আলাদা করা,যতটা সম্ভব উভয় মুখী পথ চলাচল বন্ধ করা)।

II. জায়গা

A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- কর্মক্ষেত্রের নির্দিষ্ট কার্যকলাপের জন্য প্রয়োজনীয় PPE ছাড়াও, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই গ্রহণযোগ্য মুখের আবরণ সংগ্রহ করতে, তৈরি করতে বা অন্য কোনো ভাবে পেতে হবে এবং কাজের জন্য যে সমস্ত কর্মচারীদের, শিক্ষার্থী এবং সাধারণ মানুষের সাথে সরাসরি সংযোগ করতে হয়, কর্মক্ষেত্রে, তাদের এই ধরনের আবরণ বিনামূল্যে প্রদান করতে হবে।
- কোনো কর্মচারীর মুখের আবরণ বদলাবার প্রয়োজন হলে তা প্রদান করার জন্য দায়বদ্ধ পক্ষগুলির কাছে পর্যাপ্ত মাস্ক এবং অন্যান্য PPE-এর যোগান থাকতে হবে। মুখ ঢেকে রাখা মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু এতটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদা: বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, কুইক কাটা, বন্দনা), সার্জিক্যাল মাস্ক, N95 রেসপাইরেটর এবং ফেস শিল্ড।
- দায়বদ্ধ পক্ষগণকে তার কর্মচারী, শিক্ষার্থী, এবং ভিজিটরদের উপদেশ দিতে হবে যে সর্বজনীন অঞ্চলগুলিতে বা লিফট, ক্লাসরুমের প্রবেশ/প্রস্থান পথ বা শিক্ষার্থী কেন্দ্রের মতো যে সব জায়গায় সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, এবপ্লগ ক্যাম্পাসের আশেপাশে বেড়াবার সময় মুখের আবরণ পরতে হবে।

- মুখাবরণ ব্যবহারের পর পরিষ্কার বা প্রতিস্থাপন করতে হবে এবং কখনওই শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য এবং তার সাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।
    - মনে রাখবেন যে কাপড়ের মুখের আবরণ বা নিষ্পত্তিযোগ্য মাস্ক সেইসব কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য গ্রহণযোগ্য মুখের আবরণ হিসাবে বিবেচনা করা হবে না যেখানে মুখের আবরণের প্রয়োজনীয়তার ক্ষেত্রে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন। উদাহরণস্বরূপ, N-95 রেস্পিরেটরগুলি সাধারণভাবে নির্দিষ্ট কার্যকলাপগুলির জন্য প্রয়োজন, কোনো কাপড় বা বাড়িতে তৈরি মাস্ক তার পরিবর্ত হিসেবে ব্যবহার করা যাবে না। দায়বদ্ধ পক্ষগণকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য অবশ্যই পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) এর নির্দেশিকা মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই ব্যক্তিবর্গকে নিজস্ব স্বীকৃত মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু তাদের কর্মচারীরা তাদের নিজের মুখের আবরণ সরবরাহ করতে পারবেন না। উপরন্তু, কর্মচারীদের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (যেমন, সার্জিকাল মাস্ক, N95 রেসপিরেটর, বা ফেসশীল্ড) নির্দিষ্ট কার্যকলাপের জন্য সুরক্ষার ন্যূনতম মানদণ্ড পূরণ করলে, এই নির্দেশনা তাদেরকে সেগুলি পরতে বাঁধা দেয় না। কর্মচারীদের কাজের ধরন অনুযায়ী দায়বদ্ধ পক্ষগণ তাদের আরো প্রতিরক্ষামূলক PPE পরা বাধ্যতামূলক করতে পারেন। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই কর্মীদের প্রশিক্ষিত করতে হবে কীভাবে উপযুক্ত উপায়ে PPE পরা, খুলে রাখা, পরিষ্কার করা (প্রযোজ্য হলে), এবং ফেলে দেওয়া হয়, যার মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত উপযুক্ত মুখের আবরণ। দায়বদ্ধ পক্ষগণ কন্ট্রাক্টরদের PPE প্রদান করলে তাদেরকেও এই প্রশিক্ষণের আওতাভুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে ল্যাপটপ, নোটবুক, টাচস্ক্রিন, এবং লেখার সরঞ্জাম, সেইসাথে শেয়ার করা সারফেস, যেমন কনফারেন্স টেবিলগুলোর মতো জিনিসগুলি শেয়ার করা সীমিত করার জন্য পরিকল্পনা রাখতে হবে; বা সংযোগের আগে এবং পরে কর্মচারীদের হাতের স্বাস্থ্যবিধি পালন বাধ্যতামূলক করতে হবে।

B. পরিচ্ছন্নতা, পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) এবং "বিস্তার রোধ করুন" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশনের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কিছু লগ বজায় রাখতে হবে যাতে তারিখ, সময় এবং পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণের পরিধি অন্তর্ভুক্ত। দায়বদ্ধ পক্ষগণকে প্রত্যেক ধরনের ফেসিলিটি এবং অর্জিত দায়িত্বের জন্য পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণের ফ্রিকোয়েন্সি নির্ধারণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে নিম্নোক্ত ভাবে প্রতিষ্ঠানের মধ্যে হাত ধোয়ার জায়গা দিতে হবে এবং তা রক্ষণাবেক্ষণ করতে হবে:
    - হাত ধোয়ার জন্য: সাবান, চলমান উষ্ণ পানি, এবং নিষ্পত্তিযোগ্য কাগজের তোয়ালে।
    - হাত স্যানিটাইজ করার জন্য: যেখানে হাত ধোয়ার সুবিধা পাওয়া যাবে না বা সম্ভব নাও হতে পারে সেইসব এলাকার জন্য একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার যাতে অন্তত 60% অ্যালকোহল থাকে।
    - হ্যান্ডস্যানি টাইজার সমগ্র সর্বজনীন অঞ্চলে উপলব্ধ রাখুন। এটা সুবিধাজনক জায়গায় রাখা উচিত, যেমন বিল্ডিংয়ের প্রবেশদ্বার, রিসেপশনের জায়গাগুলিতে। যেখানে সম্ভব টাচ-ফ্রি হ্যান্ড স্যানিটাইজার ডিসপেনসার ইনস্টল করা উচিত।

- দায়বদ্ধ পক্ষদের হ্যান্ড স্যানিটাইজারের জায়গাগুলির কাছে লক্ষণীয়ভাবে ময়লা হাত সাবান এবং জল দিয়ে ধুতে হবে চিহ্নিত করে সিগনেজ দিতে হবে; হ্যান্ড স্যানিটাইজার লক্ষণীয়ভাবে ময়লা হাতে কার্যকর হয় না।
- দায়বদ্ধ পক্ষগণকে ব্যক্তিবর্গকে মনে করিয়ে দিতে হবে যে অ্যালকোহল-ভিত্তিক স্যানিটাইজার দাহ্য হতে পারে এবং ক্যাম্পাসের নির্দিষ্ট কিছু অঞ্চলে উপযুক্ত নাও হতে পারে।

○ কাগজের তোয়ালে এবং PPE সহ বিভিন্ন নোংরা জিনিসগুলি ফেলার জন্য প্রতিষ্ঠানটির আশেপাশে ময়লা ফেলার ঝুড়ি রাখুন।

- দায়বদ্ধ পক্ষগণকে শেয়ার করা এবং প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলের জন্য উপযুক্ত পরিচ্ছন্নতার/জীবাণুমুক্তকরণ উপকরণ সরবরাহ করা বেছে নিতে হতে পারে এবং এই পৃষ্ঠতলের ব্যবহারের আগে এবং পরে কর্মীদের (যে সমস্ত কর্মচারী পরিষ্করণের কাজে লিপ্ত) হাতের পরিচ্ছন্নতা সহ প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই উপকরণ ব্যবহার করতে উৎসাহিত করতে হবে।

○ একবার ব্যবহার উপযোগী টিস্যু প্রদান করার কথা বিবেচনা করুন যাতে অধিক ব্যবহৃত স্থান বা বস্তু (যেমন, কীবোর্ড, ডেস্ক, রিমোট কন্ট্রোল) ব্যবহারের আগে এবং/অথবা পরে তারা মুছতে পারেন।

○ খুব বেশি স্পর্শ হওয়া সারফেসগুলি কমাতে, দায়বদ্ধ পক্ষগণকে, যেখানে সম্ভব, জলের কল, আবর্জনা ফেলার পাত্র, এবং কাগজের তোয়ালে নির্গমনকারী যন্ত্রের মতো স্পর্শ-মুক্ত সুবিধাগুলি বসাতে হবে।

○ স্পর্শ-মুক্ত সুবিধাগুলি ইনস্টল করা সম্ভব না হলে, দায়বদ্ধ পক্ষগণকে, অন্ততপক্ষে, খুব বেশি স্পর্শের সারফেসগুলির (যেমন আবর্জনা ফেলার পাত্র, কাগজের তোয়ালে নির্গমনকারী যন্ত্র) ছে হ্যান্ড স্যানিটাইজার উপলব্ধ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে ফেসিলিটিগুলিকে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে এবং প্রায়শই স্পর্শ করা সারফেসগুলি আরও ঘনঘন পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে। পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ যথাযথ এবং চলমান হতে হবে এবং অন্তত প্রতিটি শিফটের পরে, দৈনিক, বা প্রয়োজন অনুযায়ী আরো ঘনঘন হতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।

○ দায়িত্বশীল দলগুলোকে বিশ্রামকক্ষ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। ব্যবহারের পরিমাণের উপর নির্ভর করে বিশ্রামকক্ষ আরো ঘন ঘন পরিষ্কার করা উচিত।

○ দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মচারীদের দ্বারা ব্যবহৃত উপকরণ ও সরঞ্জামগুলি নথিভুক্ত জীবাণুনাশকগুলি ব্যবহার করে নিয়মিতভাবে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হয়। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন। যদি পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ সামগ্রীগুলি বা পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণের কাজটি নিরাপত্তার ঝুঁকির কারণ হয় বা উপকরণ বা মেশিনারির মান নিম্ন করে দেয়, তাহলে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সেই ধরনের মেশিনারিগুলি ব্যবহারের মধ্যে হাতের স্বাস্থ্যবিধি পালনের বন্দোবস্ত করতে হবে এবং/অথবা ডিজপোজেবেল গ্লাভস সরবরাহ করতে হবে এবং/অথবা ওই মেশিনারি ব্যবহার করা কর্মচারীর সংখ্যা সীমিত করতে হবে।

○ আবাসিক, শেয়ার করা (অর্থাৎ সর্বজনীন) বাথরুমগুলিতে কার্যকর করা সর্বোত্তম চর্চার মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সীমিত নয়:

- স্নান করার জায়গা, টয়লেট, এবং সিঙ্কগুলির মধ্যে ছয় ফুট ব্যবধান রাখা সম্ভব না হলে, সেগুলির মধ্যে বস্তুগত বাঁধা ইনস্টল করা;

        - এয়ার ড্রায়ারের পরিবর্তে কাগজের তোয়ালের ব্যবহার;
        - যেখানে বিল্ডিংটির গঠনশৈলী সুযোগ দেয়, একটি আবাসিক হলের ফ্লোরে নির্দিষ্ট ঘরের বা ব্যক্তিবর্গের ব্যবহারের জন্য নির্দিষ্ট সর্বজনীন বাথরুম, পারস্পরিক সংক্রমণ সীমিত করতে এবং ভিড় নিয়ন্ত্রণ করতে সাহায্য করতে পারে; এবং/অথবা
        - সর্বজনীন বাথরুমগুলির মধ্যে ব্যক্তিগত জিনিসগুলি সংরক্ষণ করা সীমিত করুন, বিশেষ করে তারা একই আবাসনের সদস্য নন এমন ব্যক্তিবর্গের (যেমন, রুমমেট) দ্বারা শেয়ার করা হয়।
    - দায়বদ্ধ পক্ষগণকে, যেখানে সম্ভব, সাইনেজ, একটি নির্দিষ্ট সময়ে অধিকৃত থাকার চিহ্ন, বা অন্যান্য পদ্ধতি অবলম্বন করে রেস্টরুমের জনসংখ্যা কমাবার দ্বারা দূরত্বের নিয়ম পালন করা নিশ্চিত করতে হবে।

- একজন ব্যক্তি COVID-19 এ আক্রান্ত হওয়ার ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের দ্বারা ব্যবহৃত এলাকা পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এবং সেই পরিষ্কার করা এবং জীবাণুমুক্তকরণে কমপক্ষে খুব বেশি যাতায়াত করা অঞ্চল এবং বেশি স্পর্শ করা সারফেসগুলিকে অন্তর্ভুক্ত হতে হবে।

- কোনো ব্যক্তির COVID-19 হয়েছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হয়ে থাকলে দায়বদ্ধ পক্ষগণ "আপনার ফেসিলিটি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা" (Cleaning and Disinfecting Your Facility) সম্পর্কে CDC এর নিম্নোক্ত নির্দেশিকা অনুসরণ করবেন বলে আশা করা হয়:
    - COVID-19 এ নিশ্চিতভাবে আক্রান্ত বা আক্রান্ত হিসেবে সন্দেহ করা ব্যক্তির ব্যবহৃত অঞ্চলগুলি বন্ধ করে দিন।
        - দায়বদ্ধ পক্ষগুলিকে তাদের কাজকর্ম বন্ধ করতে হবে না, যদি তারা ক্ষতিগ্রস্ত এলাকাগুলি বন্ধ করতে পারে।
    - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
    - পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। যদি 24 ঘন্টা সম্ভব না হয়, তাহলে যতদিন সম্ভব অপেক্ষা করুন।
    - কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে, সেই ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি, যেমন ক্লাসরুম, বাথরুম, সকলের ব্যবহারের সমস্ত অঞ্চল পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।
    - একবার এলাকা যথাযথভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়ে গেলে, এটি ব্যবহারের জন্য খোলা যেতে পারে।
        - COVID-19 আছে বলে সন্দেহ করা হয়েছে অথবা নিশ্চিত করা হয়েছে এমন ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা নিকট যোগাযোগ নেই এমন ব্যক্তিবর্গের পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের পর তারা কর্মক্ষেত্রে ফিরে আসতে বা ক্যাম্পাস-মধ্যস্থ কার্যকলাপগুলি আবার শুরু করতে পারবেন।
        - "ঘনিষ্ঠ এবং কাছাকাছি" যোগাযোগ সম্পর্কে তথ্যের জন্য DOH এর "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
    - COVID-19 এ সন্দেহভাজন বা নিশ্চিত অসুস্থ ব্যক্তির প্রদর্শন বা সুবিধা ব্যবহারের পর যদি সাত দিনের বেশি সময় অতিবাহিত হয়, তাহলে অতিরিক্ত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ করা উচিত।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই কর্মচারীদের মধ্যে খাবার এবং পানীয় (যেমন, বাফেট স্টাইলের খাবার) ভাগ করে খাওয়া নিষিদ্ধ করতে হবে, যদি না ব্যক্তিবর্গ একই পরিবারের সদস্য হন এবং খাওয়ার সময় কর্মচারীদের সামাজিক দূরত্ব বজায় রাখার মতো পর্যাপ্ত জায়গা রাখতে হবে।

C. পর্যায়ক্রমিক রিওপেনিং

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই একটি ক্যাম্পাস নিরাপত্তা পর্যবেক্ষক মনোনীত করতে হবে যার দায়িত্বের মধ্যে রয়েছে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলির রিওপেনিংয়ের পরিকল্পনার সকল দিক সর্বদা মেনে চলা নিশ্চিত করা।

- দায়বদ্ধ পক্ষগণকে পর্যায়ক্রমিক-ভাবে কার্যকলাপগুলি রিওপেনিংয়ের জন্য উৎসাহিত করা হয় যাতে অপারেশনগত সমস্যাগুলি উৎপাদন বা কাজ সম্পর্কিত ক্রিয়াকলাপগুলি স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে সমাধান করে নেওয়া যায়। দায়বদ্ধ পক্ষগণকে প্রথমবার পুনরায় খোলার সময় পরিবর্তনের সঙ্গে মানিয়ে নিয়ে ক্রিয়াকলাপ উপলভ্য করে তোলার জন্য কর্মী সংখ্যা, কাজের সময় এবং শিক্ষার্থীর সংখ্যা সীমিত করার কথা বিবেচনা করতে হবে।

D. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তারা স্টেটের ইস্যু করা শিল্পের নির্দেশনা পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন এবং রিওপেনিংয়ের আগে, অবশ্যই, নিচের নির্দেশ মতো রিওপেনিংয়ের পরিকল্পনা জমা দিতে হবে।

- রিওপেনিংয়ের পরিকল্পনাগুয়লি গঠন করার সময় দায়বদ্ধ পক্ষগণকে ক্যাম্পাসের কমিউনিটি সদস্যদের (যেমন, কর্মচারী, শিক্ষার্থী, আগ্রহী সংস্থাগুলি) জড়িত করতে হবে। রিওপেনিংয়ের পরিকল্পনাগুলি জড়িত এবং সামগ্রিক পরিকল্পনা প্রক্রিয়াতে লিপ্ত গ্রুপগুলিকে সনাক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে শিক্ষার্থী, পিতামাতা বা আইনি অভিভাবক, কর্মচারী এবং ভিজিটরদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা গড়ে তুলতে হবে যা রিওপেনিং-সংক্রান্ত নির্দেশাবলী, প্রশিক্ষণ, সাইনেজ এবং ব্যক্তিবর্গকে তথ্য প্রদানের একটি অবিচলিত উপায়কে অন্তর্ভুক্ত করে। দায়বদ্ধ পক্ষগণকে ওয়েবপেজ, টেক্সট এবং ইমেল গ্রুপ, এবং সোশ্যাল মিডিয়া গ্রুপ বা পোস্ট গড়ে তোলার কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে মুখে বলে বা সাইনেজের মাধ্যমে, একটি ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় না রাখা যাওয়ার ক্ষেত্রে, PPE, বিশেষ করে মুখের আবরণ ব্যবহার করা সম্পর্কে সকল শিক্ষার্থী, কর্মচারী, এবং ভিজিটরদের CDC এবং DOH এর নির্দেশিকাগুলি মেনে চলতে উৎসাহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে, নিশ্চিত কেসের ক্ষেত্রে কাকে সবার আগে জানাতে হবে তার জন্য যোগাযোগের মূল ব্যক্তি বা সমন্বয়কারী মনোনীত করতে হবে এবং পরবর্তী যোগাযোগের জন্য কারা দায়বদ্ধ তা মনোনীত করতে হবে। COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতি এবং প্রতিষ্ঠানের কার্যকর করা পরিকল্পনাগুলি সম্পর্কে সমন্বয়কারীদের শিক্ষার্থী এবং কর্মচারীদের প্রশ্নের উত্তর দেওয়ার জন্য দায়ববদ্ধ থাকতে হবে।
  - সম্ভব হলে, জনস্বাস্থ্যের পরিস্থিতি মনিটর করার জন্য এবং যৌথভাবে মনিটর করার কৌশলগুলি গড়ে তুলতে, সমন্বয়কারীদের স্থানীয় স্বাস্থ্য দপ্তর এবং অন্যান্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলির সাথেও ঘনিষ্ঠভাবে কাজ করতে হবে।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং টেস্টিং

- আবাসিক উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলি শিক্ষার্থী, ফ্যাকাল্টি, এবং/অথবা শিক্ষার্থীদের সাথে সংযুক্ত কর্মীরা প্রবেশ করার আগে বা প্রবেশ করার সঙ্গে সঙ্গে COVID-19 এর জন্য তাদের একটি মলিকিউলার ডায়গোনস্টিক টেস্ট ব্যবহার করে পরীক্ষা করানো বেছে নিতে পারে।

- প্রতিষ্ঠানগুলিকে, অন্ততপক্ষে, অন্য স্টেট এবং দেশ থেকে আসা শিক্ষার্থীদের আসার সঙ্গে সঙ্গে পরীক্ষা করানোর সুপারিশ করা হয়।
- অন্য স্টেট এবং দেশগুলি থেকে আসা ব্যক্তিবর্গকে 7 থেকে 14 দিনের মধ্যে বা উপসর্গ দেখা দিলে পুনরায় পরীক্ষা করাই সর্বোত্তম চর্চা।
- যে সমস্ত ব্যক্তিবর্গের উপসর্গগুলি আছে, কিন্তু COVID-19 টেস্টের ফলাফল নেগেটিভ এসেছে, অসুস্থ থাকাকালীন তাদের বাড়িতে বা আইসোলেশনে থাকতে হবে এবং অতিরিক্ত টেস্টিংয়ের প্রয়োজনীয়তা আছে কিনা এবং কখন স্বাভাবিক কার্যকলাপ পুনরায় শুরু করতে পারবেন সে সম্পর্কে তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে পরামর্শ করতে হবে।
- আবাসিক উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে, আগমনের পরে শিক্ষার্থীদের টেস্ট করানো পর্যন্ত, এবং টেস্টের ফলাফল নেগেটিভ না আসা পর্যন্ত আলাদা রাখা হবে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে স্থির করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে জেনে রাখতে হবে যে, CDC এবং DOH এর নির্দেশনা অনুযায়ী, আন্তর্জাতিক ভ্রমণের পরে, শিক্ষার্থী বা কর্মচারীদের কোয়েরেন্টাইন করতে হতে পারে।

- দায়বদ্ধ পক্ষগণকে ক্যাম্পাসে টেস্টিং সিস্টেম বা সক্ষম হলে সেলফ-টেস্টিং সিস্টেম গড়ে তোলার কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই কর্মী, শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা অনুশীলন কার্যকর করতে হবে এবং যেখানে করা সম্ভব, ভিজিটরদের (যেমন ক্যাম্পাস-মধ্যস্থ ট্যুর গ্রুপগুলি) সূচিবদ্ধ করতে হবে, কিন্তু ডেলিভারি কর্মীদের জন্য এই ধরনের স্ক্রিনিং বাধ্যতামূলক করা যাবে না।
    - ক্যাম্পাসে কাজ করার জন্য রিপোর্ট করা কর্মচারীদের অবশ্যই প্রতিদিন স্ক্রিন করতে হবে।
    - উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলি যেভাবে স্থির করবে, শিক্ষার্থীদের অবশ্যই একটি নির্দিষ্ট সময় অন্তর স্ক্রিন করতে হবে কিন্তু প্রতিদিন স্ক্রিন করার প্রয়োজন নেই।
    - ব্যক্তিবর্গ উচ্চ শিক্ষা সংক্রান্ত কার্যকলাপে সশরীরে রিপোর্ট করার আগে, স্ক্রিনিংয়ের ব্যবস্থা যতটা সম্ভব দূরবর্তী স্থান থেকে করার সুপারিশ করা হয় (যেমন টেলিফোন বা বৈদ্যুতিন সমীক্ষা); অথবা সাইটেও করা যেতে পারে।
    - স্ক্রিনিং হয় একটি ডিজিটাল বা সামনা সামনি প্রশ্নোত্তর ব্যবহার করে সম্পূর্ণ করতে হবে যা নির্ধারণ করে ব্যক্তিটি নিম্নলিখিত পরিস্থিতির সম্মুখীন হয়েছেন কিনা:

      (a) জেনেশুনে গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল এসেছে বা যার মধ্যে COVID-19 এর উপসর্গ রয়েছে এমন কারোর ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন।

      (b) গত 14 দিনের মধ্যে COVID-19 পরীক্ষার ফল পজিটিভ এসেছে; এবং/অথবা

      (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- সক্ষম হলে, দায়বদ্ধ পক্ষগণকে সূচিবহির্ভূত ভিজিটরদের (যেমন, ক্যাম্পাস ফেসিলিটিগুলি ব্যবহার করার জন্য অনুমোদিত সাধারণ মানুষ) জন্য হেলথ স্ক্রিনিং চর্চাগুলি কার্যকর করুন।

- COVID-19 এর সাথে সংশ্লিষ্ট উপসর্গ সম্পর্কে সর্বাধিক হালনাগাদকৃত তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গসমূহ (Symptoms of Coronavirus) " সংক্রান্ত CDC এর নির্দেশিকা দেখুন।

- COVID-19 এর সান্নিধ্যে বা উপসর্গগুলির জন্য পজিটিভ স্ক্রিন হওয়া যে কোনো ব্যক্তিবর্গকে অবশ্যই অবিলম্বে বাড়িতে বা তাদের বাসস্থানে, বা নির্ধারিত কোয়ারেন্টাইন বা আইসোলেশনের জায়গায় স্বাস্থ্য মূল্যায়ন এবং টেস্টিংয়ের নির্দেশীকা বা বন্দোবস্ত সহ পাঠাতে হবে। COVID-19 এর পরীক্ষার ফল পজিটিভ হলে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অবিলম্বে কেসটি সম্বন্ধে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে জানাতে হবে। প্রযোজ্য হলে, দায়বদ্ধ পক্ষগণকে, ব্যক্তিটিকে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্যও সরবরাহ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে যোগাযোগের একটি কেন্দ্রীয় ব্যক্তি নির্ধারণ করতে হবে, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন অনুযায়ী পরিবর্তিত হতে পারে, যে সকল প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, এই ধরনের যোগাযোগের ব্যক্তিকে সবার জন্য নির্দিষ্ট ব্যক্তি হিসেবে চিহ্নিত করা হয়েছে যাকে তারা পরে COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করছে কি না বা COVID-19 এর সান্নিধ্যে এসেছেন কিনা তা জানাবেন।

- দায়বদ্ধ পক্ষগণের উচিৎ ব্যক্তিবর্গের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।

  - স্ক্রিনিংয়ের প্রশ্নোত্তরের পাশাপাশি, মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মসংস্থানের সমান সুযোগ কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা DOH এর নির্দেশাবলী অনুযায়ীও তাপমাত্রা পরীক্ষা করা হতে পারে। দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীর স্বাস্থ্য সংক্রান্ত ডেটার (যেমন একটি নির্দিষ্ট তারিখে এবং সময়ে একজন ব্যক্তির নির্দিষ্ট তাপমাত্রার ডেটা) রেকর্ড রাখা থেকে নিষিদ্ধ করা হয়।

- দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে কর্মী স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করছেন, তাপমাত্রা যাচাই সহ, তারা ব্যক্তিগত পরিচর্যা পরিষেবার ফেসিলিটিগুলিতে প্রবেশ করা সম্ভাব্য সংক্রমিত কর্মচারী বা ভিজিটরদের সান্নিধ্য থেকে যথাযথ ভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত কর্মকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি স্বীকৃত ফেস কভারিং বা মাস্ক সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- কর্মচারী, শিক্ষার্থী, এবং ভিজিটর সহ, ক্যাম্পাসে একজন ব্যক্তির COVID-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল হয়েছে বলে জানতে পারলে, দায়বদ্ধ পক্ষগণকে, অবশ্যই অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সেই সম্পর্কে জানাতে হবে।

- একজন ব্যক্তি পজিটিভ পরীক্ষিত হলে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই, ব্যক্তিটির সমস্ত সংযোগ খুঁজে বের করতে, স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সাথে নিউ ইয়র্ক স্টেট সংযোগ খুঁজে বের করার কর্মসূচির (New York State Contact Tracing Program) মাধ্যমে প্রদত্ত প্রোটোকল, প্রশিক্ষণ এবং সরঞ্জামগুলি অনুযায়ী পরিকল্পনাগুলি গড়ে তুলতে হবে। যুক্তরাষ্ট্রীয় এবং স্টেটের আইন ও বিধান অনুযায়ী অবশ্যই গোপনীয়তা বজায় রাখতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সংস্পর্শ খুঁজে বের করার, আইসোলেশন, এবং কোয়ারেন্টাইনের উদ্যোগগুলির সাথে সহযোগিতা করতে হবে।

  - সম্ভব হলে, কর্মচারী এবং শিক্ষার্থীদের শরীরের মধ্যে সংযোগ খুঁজে বের করা এবং যোগাযোগের প্রক্রিয়া স্ট্রিমলাইন করতে দায়বদ্ধ পক্ষগণ সংযোগ খুঁজে বের করার এবং তা ট্র্যাক করার স্বেচ্ছামূলক প্রযুক্তি (যেমন মোবাইল অ্যাপ্লিকেশন) এর প্রস্তাব দিতে পারেন।

- যেখানে সম্ভব, সেখানে ক্যাম্পাস-মধ্যস্থ লোকজনের জন্য সংযোগ খুঁজে বের করার প্রচেষ্টাগুলি সম্পন্ন করতে দায়বদ্ধ পক্ষগণকে কর্মী এবং শিক্ষার্থীদের প্রশিক্ষিত করতে স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সাথে সহযোগিতা করতে হবে।

- স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরগুলি COVID-19 সংক্রমিত অথবা সংস্পর্শে আসা ব্যক্তির আইসোলেশন অথবা কোয়েরেন্টাইন সমেত নিরীক্ষণের ব্যবস্থা বাস্তবায়ন করবে এবং গতিবিধি সীমিত করবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, যে সমস্ত ব্যক্তিবর্গকে সাবধান করে দেওয়া হয়েছে যে তারা একজন COVID-19 সংক্রমিত ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন, তাদের জন্য রিপোর্টিং পরিকল্পনাগুলি আছে, এবং সেই সংস্পর্শে আসার বিষয়টি খুঁজে বের করা, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতির মাধ্যমে তাদের সতর্ক করে দেওয়া হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগণের COVID-19 এর সন্দেহভাজন বা নিশ্চিত কেস বা COVID-19 এ আক্রান্ত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগের পর কাজে বা ক্লাসে ফিরে আসতে চাওয়া ব্যক্তিবর্গ সংক্রান্ত প্রোটোকল বা পলিসি জানার জন্য "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখা উচিত।

IV. প্রতিষ্ঠানের পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষগণকে নিচের লিঙ্কে অবশ্যই একটি নিশ্চিতকরণ জমা করতে হবে যে তারা এই নির্দেশনাটি পড়েছেন এবং বুঝেছেন। উপরন্তু, এই নির্দেশনা অনুযায়ী, রিওপেনিং এবং চলতে থাকা সংকটকালীন পরিস্থিতিতে কার্য পরিচালনার জন্য দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই পরিকল্পনা (পরিকল্পনাগুলি) তৈরি এবং জমা করতে হবে।

পরিকল্পনাগুলিকে ক্যাম্পাসের স্টেকহোল্ডারদের সাথে জড়িত হওয়া প্রতিফলিত করতে হবে এবং, এতদ্বারা উল্লিখিত ন্যূনতম আবশ্যিকতাগুলি অনুযায়ী হতে হবে, যা আওতাভুক্ত করবে: (1) ক্যাম্পাসের রিওপেনিং, (2) শারীরিক অবস্থা মনিটর করা, (3) ভাইরাসটির সম্ভাব্য সংক্রমণ সংবরণ, এবং (4) COVID-19 সংক্রমণের অত্যাধিক বিস্তারে, প্রয়োজন হলে ক্যাম্পাসে সশরীরে এসে যে কার্যকলাপগুলি করতে হয়, সেগুলি বন্ধ করা। কর্মচারী এবং শিক্ষার্থীদের অ্যাক্সেস করার জন্য দায়বদ্ধ পক্ষগণকে রিওপেনিংয়ের সম্পূর্ণ পরিকল্পনাগুলি অবশ্যই দৃষ্টিগোচর হয় এমন জায়গায় লাগাতে হবে।

বেসরকারী এবং অন্যান্য অসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে তাদের পরিকল্পনাগুলি DOH এর সে ফাইল করতে নিম্নলিখিত ফর্ম জমার লিঙ্কটি ব্যবহার করতে হবে। এই নির্দেশনার সাথে অনুবর্তিতা নিশ্চিত করতে প্রয়োজন অনুযায়ী DOH এর এই ধরনের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে তাদের পরিকল্পনাগুলি পরিমার্জন করতে বলতে হতে পারে।

https://forms.ny.gov/s3/higher-education-reopening

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (CUNY) প্রতিষ্ঠানগুলিকে তাদের পরিকল্পনাগুলি সংশ্লিষ্ট চ্যান্সেলরের অফিসে জমা করতে হবে এবং উপরের জমা করার ফর্মটি ব্যবহার করতে পারবেন না। SUNY এবং CUNY আধিকারিকরা প্রতিটি প্রতিষ্ঠানের সাথে তাদের জমা করা পরিকল্পনাগুলির বিষয়ে সরাসরি যোগাযোগ করবেন।

নিরাপত্তার আরো তথ্য, নির্দেশিকা এবং রিসোর্সগুলি এখানে উপলব্ধ:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট (New York State Department of Health Novel Coronavirus (COVID-19) Website)
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

আমেরিকান কলেজ হেলথ অ্যাসোসিয়েশন (American College Health Association) ওয়েবসাইট
https://www.acha.org

নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়বদ্ধতা পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.